



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৫০৮/ক/স্বীঃ/৯৫/২৩

তারিখ: ৪/৩১/২০২০

বিষয় : স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ গোপালগঞ্জ জেলার মুকসুদপুর উপজেলাধীন “বাটিকামারী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়” এর স্বীকৃতি নবায়নের সময়সীমা ০১/০৭/২০২০ তারিখ হইতে ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর বৃদ্ধি করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা

বিষয়সমূহ :

আবশ্যিক :

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। অর্থনীতি
- ৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৪। যুক্তিবিদ্যা
- ৫। ইসলাম শিক্ষা
- ৬। কৃষি শিক্ষা
- ৭। সমাজকর্ম
- ৮। ইতিহাস

ব্যবসায় শিক্ষা :

- ১। হিসাব বিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

শর্তসমূহ :

- ১। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ২। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৩। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৪। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৫। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।
- ৬। সকল শাখায় ছাত্র/ছাত্রীর সংখ্যা আরও বৃদ্ধি করতে হবে।
- ৭। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল আরও উন্নীত করতে হবে।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

৬/৩১/২০২০

- ৮। উল্লেখ্য, প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ০৩ (তিন) মাসে গভর্নিং বডির ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ৯। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
- (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
- (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
- (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার রশিদ।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর ড. মোঃ হারুন-অর-রশিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন: ০২-৫৮৬১২৪৭৬

অধ্যক্ষ
বাটিকামারী উচ্চ মাধ্যমিক বিদ্যালয় [EIN: 109657]
মুকসুদপুর, গোপালগঞ্জ।

মেমো নং- ২১

তারিখ: ৪/১১/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। অফিস কপি



০৪.১১.২০২০
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

হারুন
৪/১১/২০২০